# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৬৩

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ জানাযার সালাতে মৃত ব্যক্তির জন্য জাহান্নাম ও কবরের আযাব থেকে আশ্রয় চাওয়া মুস্তাহাব (আমরা আল্লাহর কাছে জাহান্নাম ও কবরের আযাব থেকে আশ্রয় চাই)

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ يَسْأَلَ اللَّهَ ـ جَلَّ وَعَلَا ـ فِي إعاذةِ مَنْ يُصَلِّي عَلَيْهِ مِنْ عَذَابِ الْقَبْرِ وَعذَابِ النَّارِ ـ بِاللَّهِ نَتَعَوَّذُ منهما۔

আরবী

3063 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُعَافَى الْعَابِدُ بِصَيْدَا قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ الْقُرَشِيُّ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ عَنْ مَرْوَانُ بْنُ جُنَاحٍ عَنْ يُونُسَ بْنِ مَيْسَرَةَ بْنِ حَلْبَسٍ عَنْ وَاثِلَةَ بْنِ الْأَسْقَعِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنَّهُ صَلَّى عَلَى رَجُلٍ فَقَالَ: (اللهم إن فلان ابن فُلَانٍ فِي ذِمَّتِكَ وحَبْلِ جِوَارِكَ فَأَعِذْهُ مِنْ فِتْنَةِ الْقَبْرِ وَعَذَابِ النَّارِ أَنْتَ أَهْلُ الْوَفَاءِ وَالْحَقِّ اللَّهُمَّ فَاغْفِرْ لَهُ وَارْحَمْهُ إِنَّكَ أَنْتَ الغفور الرحيم)

الراوي : وَاثِلَة بْنِ الْأَسْقَعِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3063 | خلاصة حكم المحدث: صحيح ـ ((أحكام الجنائز)) (158) , ((المشكاة)) (1677).

বাংলা

৩০৬৩. ওয়াসিলাহ বিন আসকা ‘রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তির জানাযার সালাত আদায় করেন। সেখানে তিনি বলেন, اللهم إن فلان ابن فُلَانٍ فِي ذِمَّتِكَ وحَبْلِ جِوَارِكَ فَأَعِذْهُ مِنْ فِتْنَةِ الْقَبْرِ وَعَذَابِ النَّارِ أَنْتَ أَهْلُ الْوَفَاءِ وَالْحَقِّ اللَّهُمَّ فَاغْفِرْ لَهُ وَارْحَمْهُ إِنَّكَ أَنْتَ الغفور الرحيم (হে আল্লাহ, নিশ্চয়ই ওমুকের ছেলে ওমুক আপনার কাছে এবং আপনার নিরাপত্তায়। কাজেই আপনি তাকে জাহান্নামের আযাব ও কবরের ফিতনা থেকে রক্ষা করেন। আপনি ওয়াদা পূর্ণকারী ও আপনি হক। হে আল্লাহ, তাকে ক্ষমা করে দিন এবং তার প্রতি দয়া করুন। নিশ্চয়ই আপনি ক্ষমাশীল ও অসীম দয়ালু)।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৪৯১; আবূ দাউদ: ৩২০২; ইবনু মাজাহ: ১৪৯৯।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ১৫৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ওয়াসিলাহ ইবনু আসকা‘ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92393

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন